দৈনিক সংবাদ

তারিখ ... 16 JUN 1998 ...
পৃষ্ঠা ৭ কলাম ৪

# বুয়েটের সব ক্লাস এক মাসের জন্য স্থগিত

(বুয়েট সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সকল লেভেলের ক্লাস এক মাসের জন্য স্থগিত ঘোষণা করা হয়েছে। ফুটবল-প্রেমিকদের চাপের মুখে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন। গতকালও ফুটবলপ্রেমিকদের অবরোধের কারণে বুয়েটে কোন ক্লাস হয়নি।

গতকাল সোমবার বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ উপাচার্যের সাথে বৈঠকে মিলিত হন। নেতৃবৃন্দ ফুটবলপ্রেমিকদের বিভিন্ন দাবি উপাচার্যের কাছে ব্যক্ত করেন। বিকেল সাড়ে তিনটায় উপাচার্য প্রফেসর ইকবাল মাহমুদ ৫টি অনুষদের ডিন এবং বিভিন্ন বিভাগীয় প্রধানদের সাথে বৈঠকে মিলিত হন। বৈঠকে আগামী ১৩ই জুলাই পর্যন্ত সকল

বুয়েট : পৃঃ ১২ কঃ ২

## বুয়েট : ক্লাস স্থগিত

( ১ম পৃষ্ঠার পর )

লেভেলের ক্লাস স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে শেষ বর্ষের টার্ম-২-এর ক্লাস স্থগিত করার ব্যাপারে কোন সিদ্ধান্ত হয়নি।

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক বিজ্ঞপ্তিতে জানান, স্নাতক পর্যায়ের সকল লেভেল ও সকল টার্মের ক্লাস আগামী ১৭ই জুন হতে ১৩ই জুলাই পর্যন্ত স্থগিত ঘোষণা করা হয়েছে। তবে প্রয়োজনবোধে কোন বিশেষ লেভেলের জন্য সংশোধিত আকারে ক্লাস চালু করা হতে পারে।